

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক-এর কার্যালয়
আইটি সিকিউরিটি,
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.cca.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৩.০০০০.০০০.০০৩.৬৩.০০৬৩.২২.৪

তারিখ: ২৬ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও এর আওতাধীন দপ্তরে ডিজিটাল স্বাক্ষর চালুকরণের লক্ষ্যে ৯ম ও তদুর্ধ্ব গ্রেডের সরকারি কর্মকর্তাগণের ডিজিটাল স্বাক্ষর বিষয়ক সেমিনারের জন্য মনোনয়ন প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন অনলাইন কার্যক্রম সম্পন্ন করা হলেও উক্ত কার্যক্রম সম্পন্ন করার সময় অনলাইনে সংশ্লিষ্ট ব্যক্তির পরিচিতি প্রতিপাদন করা যায় না। একইভাবে সেবা গ্রহীতাকে ইলেক্ট্রনিক মাধ্যমে কোন সেবা যেমন – রেজিস্ট্রেশন কার্ড, মার্কশিট, সনদপত্র ইত্যাদি দেয়া হলেও সেটিতে ডিজিটাল স্বাক্ষর না থাকার কারণে তার আইনগত বৈধতা নিয়ে পরবর্তীতে কোনো প্রশ্ন উঠলে তা বিদ্যমান আইনে আদালতের নিকট গ্রহণযোগ্য হবেনা। তাই ইলেক্ট্রনিক রেকর্ডের আইনগত স্বীকৃতির জন্য ডিজিটাল স্বাক্ষরের ব্যবহার অত্যাৱশ্যক।

০২। এমতাবস্থায়, তথ্য ও যোগাযোগ আইন, ২০০৬ ও সচিবালয় নির্দেশমালা - ২০২৪ অনুসারে সকল অফিসে National Public Key Infrastructure (PKI) Framework -এর আওতায় ডিজিটাল স্বাক্ষর চালুকরণের লক্ষ্যমাত্রা অর্জনে এবং অনলাইন কার্যক্রম নিরাপদ ও সুরক্ষিত করার জন্য ডিজিটাল স্বাক্ষর ব্যবহারের নিমিত্ত সিসিএ কার্যালয় কর্তৃক বিভিন্ন সরকারি দপ্তরে ডিজিটাল স্বাক্ষর বিষয়ক সেমিনার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এর ধারাবাহিকতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং এর আওতাধীন দপ্তরে কর্মরত ৯ম ও তদুর্ধ্ব গ্রেডের ৪০ জন সরকারি কর্মকর্তার জন্য ডিজিটাল স্বাক্ষর বিষয়ক সচেতনতামূলক সেমিনার আয়োজনের অনুমতি প্রদান এবং উক্ত সেমিনারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও এর আওতাধীন দপ্তরে কর্মরত কর্মকর্তাগণের অংশগ্রহণের নিমিত্ত মনোনয়ন প্রদানের জন্য মহোদয় বরাবর সবিনয় অনুরোধ জানানো হলো।



১০-০১-২০২৬
এ. টি. এম. জিয়াউল ইসলাম
নিয়ন্ত্রক
২৪১০২৫৫৬৬৪
controller@cca.gov.bd

সচিব

সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

সিনিয়র সহকারী সচিব, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

স্মারক নম্বর: ৫৬.০৩.০০০০.০০০.০০৩.৬৩.০০৬৩.২২.৪/১ (২)

তারিখ: ২৬ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয়: জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

১০-০১-২০২৬

এ. টি. এম. জিয়াউল ইসলাম
নিয়ন্ত্রক